

উপানুষ্ঠানিক পত্র নং-৫২.০৩১.০১৮/০৯.০১.২০১৭-১৪২

তারিখ: ২৪-০৮-১৪২৪ বঙ্গাব্দ
২২-১১-২০১৭ খ্রিষ্টাব্দ

প্রিয় মহাপরিচালক,

আপনি নিশ্চয়ই অবগত রয়েছেন যে, অতিদ্রুত এবং কার্যকরভাবে দারিদ্র বিমোচনের লক্ষ্যে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন প্রায় ১৪৫টি সামাজিক নিরাপত্তা কর্মসূচির যথাযথ উপকারভোগী নির্বাচন নিশ্চিত করার লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বিশ্বব্যাংকের সহায়তায় 'National Household Database (NHD)' শীর্ষক প্রকল্পের মাধ্যমে দেশের সকল খানার আর্থ-সামাজিক ও জনমিত্তিক তথ্য সংগ্রহ করা একটি ডাটাবেইজ প্রকল্পের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় ১ম ফেইজের জন্য নির্ধারিত রংপুর বিভাগের ০৮ টি জেলা, বরিশাল বিভাগের ০৬ টি জেলা এবং ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ, জামালপুর ও শেরপুর জেলাসহ মোট ১৭টি জেলায় তথ্য সংগ্রহ কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। ২য় ফেইজে ঢাকা ও চট্টগ্রাম বিভাগের সকল জেলা এবং ময়মনসিংহ বিভাগের নেত্রকোণা জেলাসহ মোট ২৫টি জেলায় প্রতিটি খানা হতে আগামী ১৪ জানুয়ারি থেকে ০২ ফেব্রুয়ারি, ২০১৮ সময়ের মধ্যে তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হবে।

০২। আপনি জেনে খুশী হবেন যে, ইতোমধ্যে উক্ত ২৫টি জেলায় আগস্ট, ২০১৭ সময়ে ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে প্রস্তুতিমূলক জোনাল অপারেশন কার্যক্রম সফলভাবে পরিচালনা করা হয়েছে। ২য় ফেইজের জোনাল অপারেশন কার্যক্রমে উপজেলা পর্যায়ে স্থানীয় প্রশাসনের সহযোগিতায় বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে জোনাল অফিসার হিসেবে নিয়োগক্রমে জোনাল অপারেশন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হয়েছে। ১ম ফেইজের তথ্য সংগ্রহ কার্যক্রম ও ২য় ফেইজের জোনাল অপারেশন কার্যক্রমে আপনার দপ্তরাধীন সংশ্লিষ্ট উপজেলায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ যে আন্তরিক সহযোগিতা প্রদান করেছেন, সেজন্য আপনাকে এবং আপনার মাধ্যমে উপজেলায় কর্মরত সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। আপনাদের এ সহযোগিতা ভবিষ্যতে সরকারের গুরুত্বপূর্ণ এ কার্যক্রম সফলতার সঙ্গে সম্পন্ন করার ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখবে বলে আশা করছি।

০৩। আগামী ১৪ জানুয়ারি থেকে ০২ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ পর্যন্ত অনুষ্ঠেয় ২য় ফেইজের তথ্য সংগ্রহ কাজ পরিচালনা ও তদারকীর পূর্বে নিয়োগকৃত জোনাল অফিসারগণ ৩১ ডিসেম্বর ২০১৭ থেকে ০২ জানুয়ারি, ২০১৮ তারিখ জেলা পর্যায়ে প্রশিক্ষণ গ্রহণ করবেন, ০৩-০৮ জানুয়ারি, ২০১৮ তারিখ গণনাকারী-সুপারভাইজারদের সাথে যোগাযোগ ও তালিকা চূড়ান্ত করবেন ও ইউনিয়ন পর্যায়ে শুমারি কমিটির সভা অনুষ্ঠান করবেন এবং ০৯-১১ জানুয়ারি, ২০১৮ তারিখ নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে গণনাকারী সুপারভাইজারগণকে প্রশিক্ষণ প্রদান করবেন। উল্লেখ্য, জোনাল অফিসারগণ মূল তথ্য সংগ্রহ কার্যক্রমে সংশ্লিষ্ট থেকে প্রায় দেড় মাস কাজ করবেন এবং প্রকল্পের সংস্থান অনুসারে ভাতাদি প্রাপ্য হবেন।

০৪। বর্ণিত প্রেক্ষাপটে National Household Database প্রকল্পের আওতায় প্রণীত ডাটাবেইজ প্রকল্পের নিমিত্ত সরকারের প্রাধিকারপ্রাপ্ত কার্যক্রম হিসেবে এ কর্মসূচিকে বিবেচনা করে ঢাকা ও চট্টগ্রাম বিভাগের সকল জেলা এবং ময়মনসিংহ বিভাগের নেত্রকোণা জেলায় ২য় ফেইজে মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রমে আগামী ৩১ ডিসেম্বর ২০১৭ হতে ০৬ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ পর্যন্ত মেয়াদের জন্য আপনার দপ্তরাধীন নিয়োজিত জোনাল অফিসারগণ কর্তৃক শুমারি কাজে সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদানে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

স্বাক্ষর

জনাব মোঃ আনোয়ার হোসেন
মহাপরিচালক
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

মোঃ আমীর হোসেন
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৩৭.২২২.১৫- ১১৬৩

তারিখ: ২৬-১২-২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের (সকল) জেলা এবং ময়মনসিংহ বিভাগের নেত্রকোণা জেলা। আপনার আওতাধীন সকল উপজেলার ক্রেডিট সুপারভাইজারদের শুমারি ২য় ফেইজে তথ্য সংগ্রহ করার কাজে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে বর্ণিত নির্দেশনাটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের (সকল) উপজেলা এবং ময়মনসিংহ বিভাগের নেত্রকোণা জেলার (সকল) উপজেলা। আপনার আওতাধীন সকল উপজেলার ক্রেডিট সুপারভাইজারদের শুমারি ২য় ফেইজে তথ্য সংগ্রহ করার কাজে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২৬/১২/১৭
(মরিয়ম আক্তার)
সহকারী পরিচালক(প্রশাসন)
ফোন : ৯৫৬০৭৫৩